২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
অডিট শাখা
www.tmed.gov.bd

স্মারক নং -৫৭.০০.০০০০.১৪২.১৬.০১৫.২২-৫৩

তারিখঃ ২২ চৈত্র, ১৪২৮ / ০৫ এপ্রিল, ২০২২

**বিষয়ঃ বাগেরহাট জেলার মোড়লগঞ্জ উপজেলাধীন খাইরখালী আহম্মদিয়া দাখিল মাদ্রাসার পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক গত ০৬.০৩.২০১৬ খ্রি. তারিখে সম্পন্ন হওয়া পরিদর্শন প্রতিবেদনের (মাদ্রাসা কর্তৃক প্রণীত ব্রডশীট জবাব এবং মাদ্রাসা অধিদপ্তর কর্তৃক সুপারিশকৃত) উপর অনুসরণীয় নির্দেশনা।**

সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.৪৪.০০৩.২১-৩০৪; তারিখ: ২৪.০১.২০২২ খ্রি.
(২) জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট -এর স্মারক নং-জেশিবা/২৩৮০; তারিখ: ০৪.১০.২০১৭ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে বাগেরহাট জেলার মোড়লগঞ্জ উপজেলাধীন খাইরখালী আহম্মদিয়া দাখিল মাদ্রাসাটি পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক গত ০৬.০৩.২০১৬ খ্রি. তারিখে পরিদর্শন ও নিরীক্ষা হয়। পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে উত্থাপিত আপত্তিসমূহের প্রেক্ষিতে ব্রডশিটে সুপারের জবাব ও জেলা শিক্ষা অফিসারের মতামতের উপর মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মন্তব্য পাওয়া গেছে। প্রাপ্ত ব্রডশীট জবাব পর্যালোচনা করে মহাপরিচালকের মন্তব্য অনুযায়ী টিএমইডি'র প্রস্তাব নিম্নে উপস্থাপন করা হলো:

| বিএসআর ক্রমিক নং | ব্রডশিট জবাবের আলোকে উক্ত বিষয়ে টিএমইডি'র (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের) মন্তব্য | টিএমইডি'র নির্দেশনা |
|---|---|---|
| ১ | প্রশাসনিক মন্তব্য ও সুপারিশ: | |
| ১(গ) | স্বীকৃতি: প্রতিষ্ঠানটি ০১.০১.১৯৯০ তারিখ হতে দাখিল স্বীকৃতি লাভ করে। স্বীকৃতির মেয়াদ ইতোমধ্যে শেষ হয়েছে (৩১.১২.২০১৯ খ্রি. তারিখে)। স্বীকৃতি হালনাগাদ নবায়ন রাখা হয়েছে কিনা? সেসর্ম্পকিত প্রমাণক টিএমইডিতে প্রেরণের জন্য সুপারকে নির্দেশ দেয়া যেতে পারে এবং পরবর্তী অডিটে এ প্রতিফলন থাকতে হবে। | নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণ করতে নির্দেশ প্রদান করা হলো। |
| ১(ঘ) | ব্যবস্থাপনা কমিটি সংক্রান্ত তথ্য: ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ইতোমধ্যে শেষ হয়েছে (২০.০১.২০১৭ খ্রি. তারিখে)। পরবর্তী নিয়মিত ব্যবস্থাপনা কমিটি গঠন করা করা হয়েছে কিনা? তার প্রমাণক প্রেরণের জন্য সুপারকে নির্দেশ দেয়া হলো। | ঐ |
| ১(চ) | স্টক টেকিং সংক্রান্ত তথ্য: স্টক টেকিং চালু নেই। প্রতি বছর প্রতিষ্ঠানের স্থাবর/অস্থাবর সম্পত্তির স্টক টেকিং ব্যবস্থা চালু রাখতে এবং স্টক টেকিং প্রতিবেদন ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুমোদনপূর্বক স্টক রেজিস্টার সংরক্ষণের জন্য সুপারকে নির্দেশ দেয়া হলো। | নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণ করতে বলা যেতে পারে। |
| ১(ঝ)২ | মহিলা কোটা: প্রতিষ্ঠানটিতে বর্তমানে ১৪ জন শিক্ষক কর্মরত আছেন। শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র মোতাবেক ২০% হিসেবে ২.৮০ জন মহিলা শিক্ষক প্রাপ্য। বর্তমানে কোন মহিলা শিক্ষক কর্মরত নেই। শূন্য পদে শিক্ষক নিয়োগকালে মহিলা কোটা সংরক্ষণ করতে হবে। | নির্দেশনা বাস্তবায়ন করে পুনারায় বিএসআর প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো। |

চলমান পাতা-২

| | | |
|---|---|---|
| ২(ক) | অবকাঠামোগত মন্তব্য:<br>জমি সংক্রান্ত: প্রতিষ্ঠানটির জমির পরিমাণ ১.৭৮ একর। তন্মধ্যে ১.৬১ একর জমি প্রতিষ্ঠানের নামে খারিজ করা হয়েছে এবং বাংলা ১৪২১ সন পর্যন্ত ভুমি উন্নয়ন কর পরিশোধ করা হয়েছে। প্রতিষ্ঠানের কাম্য জমি আছে। সমুদয় জমি প্রতিষ্ঠানের নামে খারিজ করে জমির ভুমি উন্নয়ন কর হালসন নাগাদ পরিশোধ করত: রশিদ সংরক্ষণ করতে হবে। | নির্দেশনা বাস্তবায়ন করে পুনারায় বিএসআর প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো। |
| ২(খ) | গৃহকক্ষ সংক্রান্ত: প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামো সন্তোষজনক নয়। প্রতিষ্ঠানটিতে ০৩টি গৃহ মোট কক্ষের সংখ্যা ১৬টি। স্যানিটেশন ব্যবস্থা স্বাস্থ্যসম্মত নয়। প্রতিষ্ঠানের অবকাঠামো উন্নয়ন করে প্রয়োজনীয় কক্ষসহ স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থা চালু করতে হবে। | ঐ |
| ২(গ) | আসবাবপত্রসংক্রান্ত: বর্তমানে প্রতিষ্ঠানে ন্যূনতম প্রয়োজনীয় আসবাবপত্র রয়েছে। শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থীর সংখ্যা অনুযায়ী প্রতি বছর স্টক টেকিং কমিটির প্রতিবেদনের ভিত্তিতে আধুনিক আসবাবপত্রের ব্যবস্থা করতে হবে। | ঐ |
| ৩(গ) | একাডেমিক সংক্রান্ত তথ্য ও মন্তব্য: শ্রেণিকক্ষে শিক্ষকদের পাঠদান পর্যবেক্ষণ করা হয়। একাডেমিক উন্নয়নের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য সুপারকে নির্দেশপূর্বক বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা কমিটির সকল সদস্যকে অনুরোধ করা হলো।<br>১. শ্রেণি কক্ষে শিক্ষকদের পাঠদান প্রতিষ্ঠান প্রধানকে নিয়মিত পর্যবেক্ষণ করতে হব। (২) প্রতি বছরের প্রথমে বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন করে প্রত্যেক শিক্ষার্থীকে সরবরাহ করতে হবে এবং তদানুযায়ী শ্রেণি কক্ষে পাঠদান করতে হবে। নির্ধরিত সময়ের মধ্যে পাঠ পরিকল্পনা সমাপ্ত করতে হবে। (৩) শ্রেণির অপেক্ষাকৃত দূর্বল ও অমনোযোগী শিক্ষার্থী চিহ্নিত করে তাদের বিশেষ পাঠদানের ব্যবস্থা করতে হবে। (৪) প্রতি মাসে শিক্ষক সভা করতে হবে। লেখাপড়ার মান উন্নয়ন করার লক্ষ্যে শিক্ষক সভায় কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং তা ব্যবস্থাপনা কমিটির সভায় পেশ করে বাস্তবায়ন করতে হবে। (৫) বিষয়কভিত্তিক শিক্ষক কর্তৃক প্রণিত প্রশ্ন পত্রের মাধ্যমে প্রতিষ্ঠানের অভ্যন্তরীন পরীক্ষা নিতে হবে। কোন মতেই ক্রয় করা প্রশ্ন পত্রের মাধ্যমে অভ্যন্তরীন পরীক্ষা নেওয়া যাবে না। | নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো। |
| ৩(গ)১ | অভ্যন্তরীন পরীক্ষা ফলাফল: অভ্যন্তরীণ পরীক্ষার ফলাফলের গুনগত মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য সুপারকে নির্দেশ দেয়া যেতে পারে। এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক টিএমইডিতে প্রেরণ করার সুপারকে নির্দেশনা দেয়া হলো। | ঐ |
| ৩(গ)৪ | বৃত্তি পরীক্ষা: গত ২০১৪ সালে ০২ এবং ২০১৫ সালে ০১ জন পরীক্ষার্থী এবতেদায়ী সমাপনী পরীক্ষায় বৃত্তি লাভ করে এবং ২০১৪ সালে ০১ জন শিক্ষার্থী জেডিসি পরীক্ষায় বৃত্তি লাভ করেছে। প্রতি বছর অধিক সংখ্যক পরীক্ষার্থী জুনিয়র বৃত্তি প্রাপ্তির লক্ষ্যে জেডিসি পরীক্ষার্থীদেরকে বিশেষ পাঠদানের ব্যবস্থা করতে হবে। | নির্দেশনা বাস্তবায়নের জন্য নির্দেশ প্রদান করা হলো। |
| ৩(ছ) | সহপাঠ কার্যক্রম: পরিস্কার পরিছন্নতা অভিযান, বৃক্ষরোপন, সামাজিক উন্নয়ন/সচেতনতা বৃদ্ধি, কুইজ, বিতর্ক, ক্রীড়াম্যাগাজিন, দেয়ালিকা প্রকাশ, জাতীয় দিবসসমূহ যথাযথ মর্যাদায় পালন করাসহ সহপাঠ কার্যক্রম আরো গতিশীল করে তথ্য সংরক্ষণ করতে হবে। | নির্দেশনা বাস্তবায়নের জন্য নির্দেশ প্রদান করা হলো। |
| ৪(ক-১) | আয়-ব্যয় সংক্রান্ত তথ্য ও মন্তব্য: শিক্ষকদের সমন্বয়ে ক্রয় কমিটি গঠন করা হয়েছে। যাবতীয় মালামাল ক্রয় কমিটির মাধ্যমে ক্রয় করা হয় এবং ক্রয়কৃত মালামাল স্টক রেজিস্টারে এন্ট্রি করা হয়। পর্যায়ক্রমে সকল শিক্ষককে ক্রয় কমিটিতে অন্তর্ভূক্ত করা হবে মর্মে উল্লেখ করা হয়েছে। | ঐ |
| ৪(ক-২) | প্রতিষ্ঠানের সকল আয় ব্যাংকে জমা করতে হবে এবং প্রয়োজনে কমিটির অনুমোদনের সাপেক্ষে ব্যাংক হতে উত্তোলন করতে হবে। | নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো। |
| ৪(ক-৩) | ভাউচার ক্রমিক নম্বর অনুযায়ী বছরওয়ারী গার্ড ফাইলে সংরক্ষণ করতে হবে। | ঐ |
| ৪(খ)৩ | ভবিষ্য তহবিল: ভবিষ্য তহবিল চালু নেই। শিক্ষক-কর্মচারীদের নামে পৃথক ব্যাংক হিসাব নম্বরে ভবিষ্যৎ তহবিল চালু করার জন্য নির্দেশ দেয়া যেতে পারে এবং এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক টিএমইডিতে প্রেরণ নিশ্চিত করার জন্য সুপারকে নির্দেশনা দেয়া হলো। | নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় |

চলমান পাতা-৩

| | | |
|---|---|---|
| | | বিএসআর প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো। |
| ৫. | বিগত পরিদর্শন সংক্রান্ত তথ্যঃ প্রতিষ্ঠানটি পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক বিগত ০৮.০৯.১৯৯১ তারিখ পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। উক্ত প্রতিবেদনের সুপারিশের বিষয়ে মাউশি অধিদপ্তর হতে ব্রডশীট জবাব চাওয়া এবং জবাব দাখিলের রেকর্ড উপস্থাপন করা হয়নি। বিগত পরিদর্শনের অবাস্তবায়িত সুপারিশের বিষয়ে বর্তমান প্রতিবেদনে সুপারিশ রয়েছে। উল্লেখ্য যে, প্রতিবেদনে ফেরতযোগ্য অর্থের সুপারিশ ছিলনা। | মাউশি অধিদপ্তরে জবাব দাখিলের রেকর্ড/প্রমাণক প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো। |
| ৬(খ) | ইভটিজিং: ইভটিজিং একটি মারাত্মক সামাজিক ও মানসিক ব্যাধি। শিক্ষক-শিক্ষার্থীসহ সকলের মধ্যে ইভটিজিং এর কুফল সর্ম্পকে সম্যক ধারণা ও সচেতনা সৃষ্টি এবং এর বিরুদ্ধে কার্যকর প্রতিরোধ গড়ে তুলতে হবে। | নির্দেশনা অনুসরনের জন্য নির্দেশ প্রদান করা হলো। |

০২. বর্ণিতাবস্থায়, উপরিউক্ত প্রতিষ্ঠান পরিচালনা সংক্রান্ত যাবতীয় একাডেমিক ও আর্থিক বিধি-বিধান সংক্রান্ত নির্দেশনাসমূহ মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক যথাযথভাবে বাস্তবায়ন/প্রতিপালন করে প্রমাণকসহ BSR আগামী ১০.০৪.২০২২ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে (মাদ্রাসা অধিদপ্তরের মাধ্যমে) প্রেরণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশনা প্রদানের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো; এবং

০৩. একই সাথে ব্রডশীট জবাবের অনুচ্ছেদ-১ এর ক্রমিক ১-(ক), (খ), (ঙ), (চ), (ছ), (জ), (ঝ-১), (ঞ-১), (ঞ-২), (ট), (ঠ), (ড), (ঢ), ২(ক), ৪(ক-৩), ৪(ক-৬), ৪(ক-৭), ৪(ক-৮), ৪(খ-১), ৪(খ-২) এবং ৫(গ), ৬ বিষয়ে কোন আপত্তি না থাকায় আপত্তিসমূহ নিষ্পত্তি করা হলো।

07/04/22

(মো: নুরুল ইসলাম শেখ)
সহকারী সচিব
ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশন
গাইড হাউজ, ৭ম ও ১০ম তলা, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।

<u>অনুলিপি: (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):</u>
০১. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২. সিস্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইডে প্রকাশের অনুরোধসহ)।
০৩. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ১৬ আঃ গণি রোড, ঢাকা-১০০০।
০৪. যুগ্মসচিব (অডিট ও আইন) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৫. উপসচিব (অডিট ও আইন) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৬. সুপার/ব্যবস্থাপনা কমিটি, খাইরখালী আহম্মদিয়া দাখিল মাদ্রাসা, মোড়লগঞ্জ, বাগেরহাট।
০৭. অফিস কপি।